

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৭-৬২৩

তারিখঃ ২৭/০৪/২০১৭ খ্রিঃ


বেসরকারি ব্যবস্থাপনায় অপেক্ষমান তালিকা হতে হজযাত্রীদের নিবন্ধন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় হজ ও ওমরাহ নীতি ১৪৩৮ হিজরির (২০১৭ খ্রি.) অনুচ্ছেদ ৩.১.৮ অনুযায়ী পরবর্তী অপেক্ষমান তালিকা হতে ক্রম অনুযায়ী খালি (অপূরণকৃত) কোটার সমসংখ্যক প্রাক্-নিবন্ধিত হজে গমনেচ্ছুকে নিবন্ধনের জন্য আহ্বান করা হবে মর্মে উল্লেখ থাকায়, বেসরকারি ব্যবস্থাপনায় ২০১৭ সনে হজে গমনেচ্ছুদের প্রাক্-নিবন্ধিত তালিকার ২,১৭,২৮৮ নং ক্রমিকের মধ্যে ১,১৩,৭৪২ জন নিবন্ধন সম্পন্ন করেছেন। এক্ষণে গাইড ও মোনাঞ্জেম ব্যতীত হজযাত্রীর কোটা ১,১৩,৯৫৫ পূরণের জন্য ২১৩ জনের কোটা খালি আছে। উক্ত কোটা পূরণের লক্ষ্যে প্রাক্-নিবন্ধনের ক্রম অনুযায়ী সমসংখ্যক ২,২০,৬৫৫ হতে ২,২০,৮৮৪ নং ক্রমিক পর্যন্ত নিবন্ধনের জন্য আহ্বান করা হলো। সংশ্লিষ্ট প্রাক্-নিবন্ধিত হজযাত্রীদের নিবন্ধনের চূড়ান্ত সময়সীমা আগামী ৩০.০৪.২০১৭ খ্রি. তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত নির্ধারণ করা হলো।

০২। উল্লেখ্য যে, অপেক্ষমান তালিকা হতে ২য় দফায় ২০১৭ সনের হজে নিবন্ধনের জন্য নির্বাচিত যে সকল হজযাত্রীর এজেন্সী ন্যূনতম কোটা পূরণ করতে পারবে না তারা ইতোমধ্যে অনুমোদিত লীড এজেন্সীর সাথে সমন্বয়/স্থানান্তর করবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

তারিখঃ ২৭/০৪/২০১৭ খ্রিঃ



মো: আবুল হাসান
সিনিয়র সহকারীসচিব (হজ-১)
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
e-mail: morahajsection@gmail.com